

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যোগাযোগ মন্ত্রণালয়  
সড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখ, ১২ জ্যৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ/২৬ মে ২০১৪ খ্রিস্টাব্দ

নং ৩৫.০২০.০২২.০০.০০.০০৬.২০০৭ (অংশ-২)-১৯৯—বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর যন্ত্রকৌশল বিভাগের স্মারক নম্বর-BUET/ME/2013/1190 তারিখ : ০৯-১০-২০১৩ মূলে নিম্নোক্ত শর্তপূরণ সাপেক্ষে সিএনজিচালিত ৪-স্ট্রোক অটোরিকশার ইকোনমিক লাইফ ১১ (এগার) বছর থেকে বৃদ্ধি করে ১৫ (পনের) বছরে উন্নীত করার সুপারিশ করেছে।

১। শর্ত :

সিএনজি অটোরিকশার কার্যকারিতা গ্রহণযোগ্য মানে রাখার জন্য ১২ (বার)তম বছরে নিম্নোক্ত কাজগুলো করতে হবে :

- (ক) সম্পূর্ণ ইঞ্জিন Overhauling করা ;
- (খ) অটোরিকশার হুড কভার ও সিট প্রতিস্থাপন করা এবং বডি রং করা;
- (গ) বডি, সাসপেনশন, ব্রেক, ট্রান্সমিশন ইত্যাদি অংশে প্রয়োজনীয় মেরামত করা;
- (ঘ) সরকার অনুমোদিত ওয়ার্কশপ থেকে হাই প্রেসার সিএনজি সিলিভারের হাইড্রলিক প্রেসার টেস্ট করা;
- (ঙ) সিএনজি ফুয়েল সিস্টেমের অন্যান্য অংশগুলিও পরীক্ষা করে কার্যকারিতা নিশ্চিত করা; এবং
- (চ) Overhauling ও মেরামতের Log বই সংরক্ষণ করা ।

( ১৪১১৫ )

মূল্য : টাকা ৪.০০

২। এ প্রেক্ষাপটে উপরোল্লিখিত ৬ (ছয়) ধরনের কাজ ১২তম বছরের মধ্যে সম্পন্ন করে কাজগুলো যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা তা যাচাইপূর্বক ঢাকা মহানগরীতে চলাচলরত সিএনজিচালিত ৪-স্ট্রোক অটোরিকশার ক্ষেত্রে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং চট্টগ্রাম মহানগরীতে চলাচলরত সিএনজিচালিত ৪-স্ট্রোক অটোরিকশার ক্ষেত্রে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) সঠিকতা প্রত্যয়নপত্র প্রদান করবে। প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) অটোরিকশা ভিত্তিক সিএনজিচালিত ৪-স্ট্রোক অটোরিকশার ইকোনমিক লাইফ ১১(এগার) বছর থেকে ১৫ (পনের) বছরে উন্নীত করার আদেশ জারী করবে।

৩। প্রথম অনুচ্ছেদে উল্লিখিত শর্তের অধীনে বর্ণিত কাজগুলোর সঠিকতা যাচাইয়ের যাবতীয় ব্যয়ভার অটোরিকশার মালিককে বহন করতে হবে।

৪। ১২ (বার)তম বছরের মধ্যে প্রথম অনুচ্ছেদে বর্ণিত ৬ (ছয়)টি কাজের কোন একটি কাজ করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট সিএনজিচালিত ৪-স্ট্রোক অটোরিকশার ইকোনমিক লাইফ বৃদ্ধি করার আদেশ জারী করা যাবে না এবং এ বিষয়ে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী বিআরটিএ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

৫। “সিএনজি/ পেট্রোলচালিত ৪- স্ট্রোক থ্রি-হুইলার সার্ভিস নীতিমালা, ২০০৭” অনুযায়ী সকল কার্যক্রম পূর্বের ন্যায় অব্যাহত থাকবে।

৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মেহেদী হাসান  
উপসচিব।